

পত্র নং: বা: স্কা: (আইসিটি)/২২৬৫(৪৩)/২০১৯

তারিখ: ২৫ পৌষ ১৪২৫
০৮ জানুয়ারি ২০১৯

সম্পাদক

বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।

বিষয়: অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টাল ব্যবহার বিষয়ক প্রতিবেদন প্রেরণ সম্পর্কীয়।

সূত্র: পত্র নং: বা: স্কা: (আইসিটি)/১২৭৫(২০০০)/২০১৮; তারিখ: ২৪ অক্টোবর ২০১৮।

জনাব,

উল্লিখিত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের মাধ্যমে বাংলাদেশ স্কাউটস এর অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টাল ব্যবহার বিষয়ে বিস্তারিত নির্দেশনা দেয়া হয়েছে। অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টাল ব্যবহারের গুরুত্বপূর্ণ নির্দেশনাসমূহ নিম্নরূপ:

ক) আঞ্চলিক স্কাউটস কর্তৃক ১৫ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অনলাইনে সকল স্কাউট গ্রুপ অন্তর্ভুক্তি নিশ্চিত করার লক্ষ্যে জেলাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা ও সহায়তা প্রদান করা (৩.০);

খ) ১৫ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে পোর্টালের জেলা এ্যাডমিনদের নামের তালিকা জাতীয় সদর দফতরে প্রেরণ করা (৩.৩);

গ) জেলা স্কাউটস কর্তৃক ১৫ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে উপজেলা এ্যাডমিনদেরকে পোর্টাল ব্যবহার বিষয়ে দুই থেকে তিন ঘন্টার ওরিয়েন্টেশন প্রদান করা এবং লগ-ইন User name ও Password প্রদান করা (৪.০);

ঘ) প্রশিক্ষণপ্রাপ্ত জেলা ও উপজেলা এ্যাডমিনদের সহায়তায় ২০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অনলাইনে সকল স্কাউট গ্রুপ অন্তর্ভুক্তি নিশ্চিত করা (৪.২);

ঙ) সংশ্লিষ্ট রেলওয়ে, নৌ, এয়ার, রোডার ও মেট্রোপলিটন জেলাসমূহ কর্তৃক ২০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে জেলা এ্যাডমিনদের সহায়তায় গ্রুপ সম্পাদক বা উপযুক্ত প্রতিনিধিদের পোর্টাল ব্যবহার বিষয়ে এক থেকে দুই ঘন্টার ওরিয়েন্টেশন প্রদান করা ও তাঁদের নিকট স্কাউট গ্রুপের লগ-ইন User name ও Password প্রদান করা (৪.৩);

চ) উপজেলা স্কাউটস কর্তৃক ২০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে সকল স্কাউট গ্রুপের সম্পাদক বা উপযুক্ত প্রতিনিধিদের পোর্টাল ব্যবহার বিষয়ে এক থেকে দুই ঘন্টার ওরিয়েন্টেশন প্রদান করা ও তাঁদের নিকট স্কাউট গ্রুপের লগ-ইন User name ও Password প্রদান করা (৫.০);

ছ) স্কাউট গ্রুপ কর্তৃক ৩০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট স্কাউট গ্রুপের সকল সদস্যের (গ্রুপ কমিটির সদস্য সহ) রেজিস্ট্রেশন প্রক্রিয়া আবশ্যিকভাবে সম্পন্ন করা (৬.০);

বর্ণিত পত্রের আলোকে জেলাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা ও কার্যক্রমে সহায়তা প্রদানের তথ্যপত্রসহ আগামী ২০ জানুয়ারি ২০১৯ তারিখের মধ্যে জানানো এবং পোর্টালের জেলা এ্যাডমিনদের নামের তালিকা নিম্নলিখিত ছক মোতাবেক জাতীয় সদর দফতরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	জেলার নাম	জেলা পোর্টালের ইউজারনেম	জেলা এ্যাডমিনের নাম	এ্যাডমিনের মোবাইল নং ও ইমেইল এড্রেস	অনলাইনে রেজিস্টার্ড গ্রুপ সংখ্যা
--------	-----------	----------------------------	---------------------	--	--


জেলা স্কাউটস কর্তৃক উপজেলা এ্যাডমিনদেরকে পোর্টাল ব্যবহার বিষয়ে ওরিয়েন্টেশন আয়োজনের তথ্য নিম্নলিখিত ছক মোতাবেক জাতীয় সদর দফতরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	জেলার নাম	ওরিয়েন্টেশন আয়োজনের তারিখ ও স্থান	অংশগ্রহণকারীর সংখ্যা	অংশগ্রহণকারীদের তালিকা (সংযুক্ত করুন)
--------	-----------	--	----------------------	--

রেলওয়ে, নৌ, এয়ার, রোডার ও মেট্রোপলিটন জেলায় গ্রুপ সম্পাদক বা উপযুক্ত প্রতিনিধিদের পোর্টাল ব্যবহার বিষয়ে ওরিয়েন্টেশন আয়োজনের তথ্য নিম্নলিখিত ছক মোতাবেক জাতীয় সদর দফতরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	জেলার নাম	ওরিয়েন্টেশন আয়োজনের তারিখ ও স্থান	অংশগ্রহণকারীর সংখ্যা	অংশগ্রহণকারীদের তালিকা (সংযুক্ত করুন)
--------	-----------	--	----------------------	--

অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টাল যথাসময়ে সফলভাবে বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করি।


(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

বিতরণঃ কার্যার্থেঃ

১। আঞ্চলিক পরিচালক/ উপপরিচালক/ সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল/ জেলা;

সদয় জ্ঞাতার্থেঃ

১। জাতীয় কমিশনার (আইসিটি), বাংলাদেশ স্কাউটস।

